



## উপজেলা পরিক্রমা

### বাউফল

পটুয়াখালী, ১৮ এপ্রিল (সংবাদদাতা)।— পটুয়াখালী জেলার অন্যতম উপজেলা বাউফল। এক কথায় এটি একটি শিক্ষিত উপজেলা। ১২০০ সালেরও পূর্বের কথা— সমগ্র দক্ষিণাঞ্চল জুড়ে বঙ্গোপসাগরের আশেপাশে অবস্থিত ছোট ছোট নদীর মধ্যে অনেকগুলো দ্বীপ ছিল। এ এলাকায় 'ব' আকারে একটি দ্বীপ জেগে উঠার পর থেকেই ঐতিহাসিকের মতে এলাকাটির নামকরণ হয় বাউফল।

#### ভৌগোলিক অবস্থান

১৯৮৩ সালের ২ জুলাই বাউফলকে উপজেলায় উন্নীত করা হয়। উপজেলার আয়তন হচ্ছে ১৯৮ বর্গমাইল। লোকসংখ্যা সাড়ে তিন লাখ। ইউনিয়নের সংখ্যা ১৪টি, গ্রামের সংখ্যা ১৪৭টি।

#### শিক্ষা

কলেজের সংখ্যা ৪টি। বাউফল ডিগ্রী কলেজ, কালাইয়া ইন্ডিস মোল্লা কলেজ,

কেশবপুর কলেজ ও কালীশুভী মহিদুল আলম তালুকদার কলেজ। মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৯০টি। দাখিলী এবতেদায়ী মাদ্রাসার সংখ্যা ৩৫টি।

#### কুটির শিল্প

উপজেলায় প্রায় ৬০০ মং শিল্প রয়েছে এবং এর সাথে জড়িত কয়েক হাজার কুস্তকার মাটির তৈরী জিনিস দিয়েই জীবিকা অর্জন করে আসছে। এসব শিল্পের তৈরী মাটির সামগ্রী বাংলাদেশের বিভিন্ন এলাকায় বিশেষ খ্যাতি অর্জন করতে সক্ষম হয়েছে।

#### যোগাযোগ

উপজেলার যোগাযোগের একমাত্র মাধ্যম রিকশা, নৌকা ও হাটা পথ। ইতিপূর্বে প্রায় ২৫ মাইল সড়ক পাকা করা হয়েছে। এবং বহু কাঁচা সড়ক মেরামত চলছে। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি দিন দিন উন্নতির দিকে এগিয়ে চলছে।